**আবর্জনা এবং বর্জ্য পানি ব্যবহার করে বিদ্যুৎ উৎপাদন কৌশল উন্নয়ন ও উৎপাদন।**

অর্থায়নঃ ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি
বাস্তবায়নঃ মাইক্রোবিয়াল বায়োটেকনোলজি বিভাগ

প্রিন্সিপাল ইনভেস্টিগেটর: ড. আবু হাশেম, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (চলতি দায়িত্ব) ও বিভাগীয় প্রধান

বিদ্যুৎ ও জ্বালানী যে কোন দেশের উন্নয়ন চাবিকাঠি। আমাদের দেশে পানি, গ্যাস ও আমদানীকৃত ডিজেল ব্যবহার করে বিদ্যুৎ উৎপাদন করা হয়ে থাকে। সরকারের বিশেষ নজরদারীর কারণে বর্তমানে বিদ্যুৎ ব্যবস্থার উন্নতি হলেও পানি ও গ্যাসের উৎস সীমিত এবং ডিজেল আমদানী ব্যয়বহুল হওয়ার কারণে দেশের চাহিদা অনুযায়ী বিদ্যুৎ সরবরাহ সম্ভব হচ্ছে না। কিন্তু আমাদের দেশে ময়লা আবর্জনা ও নোংরা পানির অভাব নাই। এসব পরিতাজ্য দ্রব্য ব্যবহার করে বিদ্যুৎ উৎপাদন করা সম্ভব হলে একদিকে যেমন জ্বালানীর উপর চাপ কমবে অন্যদিকে পরিবেশ দুষণ হ্রাস পবে। এ উদ্দেশ্য সামনে রেখে আবর্জনা ও নোংরা পানি ব্যবহার করে বিদ্যুৎ উৎপাদন কৌশল উদ্ভাবনের লক্ষ্যে গবেষণা কার্যক্র চলমান আছে।

